

এমন কিছু

কতগুলো রাত আছে মানুষকে বাসি করে দেয়  
সামিয়ানা করে দেয় আকাশকে কতগুলো দিন  
কতগুলো কথা আছে অভিধান ফাঁকি দিয়ে যায়  
পথিককে দিয়ে যায় কতগুলো পথ শুধু ঋণ  
কতগুলো ভাবা আছে অতীতকে সামনে হাঁটায়  
পৃথিবীর দু পিঠেই কিছু কালো হয়ে থাকে লীন  
কতগুলো চলে যাওয়া মানুষকে আবার বাঁচায়  
জীবনকে করে যায় কতগুলো জয় শুধু হীন

স্মরণ জিৎ বন্দ্যোপাধ্যায়

